# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৩৪/২০১৮-১৯**

**ঢাকা, বৃহস্পতিবার ১৬ আগস্ট ২০১৮, ১ ভাদ্র ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। **বঙ্গবন্ধুর ৪৩তম শাহাদাতবার্ষিকী পালন, জাতির শ্রদ্ধাঞ্জলি : দেশকে এগিয়ে নেওয়ার প্রত্যয়**
**ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

২। **টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

৩। **জাতীয় শোক দিবসে বঙ্গভবনে মিলাদ মাহফিলে রাষ্ট্রপতির অংশগ্রহণ**
**বঙ্গবন্ধুর শাহাদাতবার্ষিকীর মিলাদে প্রধানমন্ত্রী**

৪। **জাতীয় শোক দিবসে সারাদেশে সব সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান**

৫। **বঙ্গবন্ধু হত্যার পলাতক খুনিদের দেশে ফিরিয়ে আনার চেষ্টা করা হচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী**

৬। **বঙ্গবন্ধু মানেই বাংলাদেশ : তথ্যমন্ত্রী**

৭। **বঙ্গবন্ধু তাঁর আদর্শ ও কর্মের মাধ্যমে বেঁচে থাকবেন চিরকাল : পরিকল্পনামন্ত্রী**

৮। **জাতীয় শোক দিবসে কথা, কবিতা, গানে, নাটকে বঙ্গবন্ধুকে স্মরণ**

৯। **জাতির পিতার স্বপ্ন পূরণ করা আমাদের দায়িত্ব : প্রধান বিচারপতি**

১০। **কোরবানির পশুর হাটে জালনোট ধরতে ব্যাংকগুলোকে কেন্দ্রীয় ব্যাংকের ১১ নির্দেশনা**

১১। **শিল্প এলাকায় শনিবার ব্যাংক খোলা : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

চলমান পাতা-২

১। **বঙ্গবন্ধুর ৪৩তম শাহাদাতবার্ষিকী পালন, জাতির শ্রদ্ধাঞ্জলি : দেশকে এগিয়ে নেওয়ার প্রত্যয়**
**ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

শোককে শক্তিতে পরিণত করে দেশকে এগিয়ে নেওয়া, মাদক-সন্ত্রাস-জঙ্গিবাদসহ দেশবিরোধী সব ষড়যন্ত্র রুখে দিয়ে ক্ষুধা-দারিদ্র্য-নিরক্ষরতামুক্ত অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার প্রত্যয়ের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় গতকাল (১৫ আগস্ট বুধবার) পালিত হলো স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস। নতুন শপথে বলিয়ান বাঙালি জাতি ৪৩ বছর আগের এ দিনে ভয়াল রাতের শোকাবহ স্মৃতি গভীর শ্রদ্ধায় স্মরণ করে।

সকাল সাড়ে ৬টায় দেশ ও জাতির পক্ষ থেকে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পুষ্পস্তবক অর্পণের পর সশস্ত্রবাহিনীর একটি চৌকস দল গার্ড অভ্ অনার প্রদান করে, এ সময় বিউগলে বেজে ওঠে করুণ সুর। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পৃথক দুইটি ফুলেল শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পর সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী।

পরে প্রধানমন্ত্রী বনানী কবরস্থানে যান। সেখানে তাঁর মাতা বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব, শেখ কামাল, শেখ জামাল, শেখ রাসেল এবং ১৫ আগস্টের শাহাদাতবরণকারীরা চিরনিদ্রায় শায়িত রয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং শেখ রেহানা সেখানে পুষ্পার্ঘ্য অর্পণ করেন এবং কবরে ফুলের পাপড়ি ছিটিয়ে দেন। তাঁরা এ সময় মরহুমদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে ফাতেহা পাঠ করেন এবং দোয়ায় শরীক হন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

২। **টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৫ আগস্ট বুধবার) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাতবার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় তাঁর সমাধিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেছেন। এ সময় প্রধানমন্ত্রী স্বাধীনতার মহান স্থপতির প্রতি শ্রদ্ধা জানাতে সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। সশস্ত্রবাহিনীর একটি সুসজ্জিত দল জাতির পিতাকে রাষ্ট্রীয় সালাম জানায় এবং সে সময় বিউগলে করুণ সুর বেজে ওঠে। তিন বাহিনীর প্রধানগণও এ সময় উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

৩। **জাতীয় শোক দিবসে বঙ্গভবনে মিলাদ মাহফিলে রাষ্ট্রপতির অংশগ্রহণ**
**বঙ্গবন্ধুর শাহাদাতবার্ষিকীর মিলাদে প্রধানমন্ত্রী**

জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে গতকাল (১৫ আগস্ট বুধবার) বঙ্গভবনে দোয়া ও মিলাদের আয়োজন করেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। বাদ জোহর বঙ্গভবনের দরবার হলে এ মিলাদের আয়োজন করা হয়। মিলাদে ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকদের হাতে নিহত বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। এ ছাড়া মুক্তিযুদ্ধে সব শহিদ এবং বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে নিহতদের আত্মার শান্তি কামনা করা হয়। মিলাদ ও দোয়া মাহফিলে রাষ্ট্রপতির পরিবারের সদস্য, সংশ্লিষ্ট সচিবগণ, বেসামরিক ও সামরিক কর্মকর্তা এবং বঙ্গভবনের কর্মকর্তা-কর্মচারীরা যোগ দেন। এর আগে বঙ্গভবনের দরবার হলে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালনায় বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৫ আগস্ট বুধবার) বাদ আছর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে রাজধানীর ধানমন্ডি ৩২ এ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে বাংলাদেশ মহিলা আওয়ামী লীগ আয়োজিত মিলাদ ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন। মাহফিলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ও ১৫ আগস্টের অন্য শহিদদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। এ ছাড়া ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের রুহের মাগফিরাত কামনা করেও মোনাজাত করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (পৃ.২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

৪। **জাতীয় শোক দিবসে সারাদেশে সব সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান**

জাতীয় শোক দিবসে দেশের সকল সরকারি হাসপাতাল ও স্বাস্থ্য কমপ্লেক্সে গতকাল (১৫ আগস্ট বুধবার) বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান করা হয়। এ দিন সকাল আটটা থেকে বেলা বারোটা পর্যন্ত এ কর্মসূচি পালন করা হয়।

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের নির্দেশে এ কর্মসূচি বাস্তবায়ন করে স্বাস্থ্য অধিদফতর। সূত্র-**জনকণ্ঠ (**শেষ পৃ.,ক.**১), যুগান্তর** (পৃ.৩,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৩)।

**৫। বঙ্গবন্ধু হত্যার পলাতক খুনিদের দেশে ফিরিয়ে আনার চেষ্টা করা হচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, বঙ্গবন্ধুর জন্ম না হলে আমরা এ দেশ পেতাম না। স্বাধীনভাবে কথা বলতে ও চলতে পারতাম না। তিনি আমাদের জাতির পিতা। বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু হত্যার পলাতক খুনিদের দেশে ফিরিয়ে আনার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। গতকাল (১৫ আগস্ট বুধবার) জাতীয় শোক দিবসে দিনাজপুরে উপজেলা আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১২,ক.১), **আমাদের অর্থনীতি** (শেষ পৃ.,ক.৫)।

**৬। বঙ্গবন্ধু মানেই বাংলাদেশ : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বঙ্গবন্ধুকে জানলেই জানা হবে বাংলাদেশকে। বঙ্গবন্ধু মানেই বাংলাদেশ, একটি জাতি, একটি মানচিত্র, একটি পতাকা, আমাদের স্বাধীনতা। নিন্দুক আর জাতির শত্রুরা বঙ্গবন্ধুর উচ্চতা একচুল খাটো করতে পারেনি। গতকাল (১৫ আগস্ট বুধবার) রাজধানীতে প্রেস ইনস্টিটিউট অভ্ বাংলাদেশ (পিআইবি) মিলনায়তনে বঙ্গবন্ধুর ৪৩তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। তথ্য মন্ত্রণালয় আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন প্রধান তথ্য অফিসার কামরুন নাহার। পরে অন্য এক অনুষ্ঠানে তথ্যমন্ত্রী বঙ্গবন্ধুর জীবনভিত্তিক প্রামাণ্যচিত্র ও আলোকচিত্র প্রদর্শনী উদ্বোধন করেন। রাজধানীর গণগ্রন্থাগারে শওকত ওসমান মিলনায়তনে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) ও গণগ্রন্থাগার যৌথভাবে এ প্রদর্শনীর আয়োজন করে। সূত্র-**সমকাল (**পৃ.৫,ক.**১), ইনকিলাব** (পৃ.২,ক.৮)।

**৭। বঙ্গবন্ধু তাঁর আদর্শ ও কর্মের মাধ্যমে বেঁচে থাকবেন চিরকাল : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন, আছেন এবং থাকবেন। তাঁর আদর্শ ও কর্মের মাধ্যমে এদেশে এবং বিশ্বে তিনি চিরকাল বেঁচে থাকবেন। যাঁরা মানুষের জন্য কাজ করেন তাঁরা কখনো হারিয়ে যান না। বঙ্গবন্ধু মানুষের জন্য কাজ করেছেন। তিনি কখনো হারাবেন না। তিনি বলেন, বঙ্গবন্ধুকে হত্যার মধ্য দিয়ে যারা এ দেশকে পিছিয়ে দিতে চেয়েছিল, তাদের স্বপ্ন বাস্তবায়ন হয়নি, কখনো হবেও না। বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উন্নত দেশের কাতারে এগিয়ে যাচ্ছে। ২০৪১ সালে বাংলাদেশ উন্নত ২০টি দেশের মধ্যে স্থান করে নিবে। গতকাল (১৫ আগস্ট বুধবার) কুমিল্লা দক্ষিণ জেলা আওয়ামী লীগ কার্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনাসভায় পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সমকাল (**পৃ.৪,ক.**১)**।

**৮। জাতীয় শোক দিবসে কথা, কবিতা, গানে, নাটকে বঙ্গবন্ধুকে স্মরণ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে রাজধানীতে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসবের মধ্যে ছিল বঙ্গবন্ধুর ওপর চিত্র প্রদর্শনী ও আলোকচিত্র প্রদর্শনী, আলোচনাসভা, বঙ্গবন্ধুকে নিয়ে লেখা বই প্রদর্শনী, গানের অনুষ্ঠান, বঙ্গবন্ধুকে নিয়ে লেখা কবিদের কণ্ঠে কবিতা পাঠ ও মিলাদ মাহফিল। আলোচনাসভা, ঢাকা থেকে টুঙ্গিপাড়া শত বাউল শিল্পীদের শিল্পযাত্রা, নৃত্যনাট্য ও সাংস্কৃতিক আয়োজনে জাতির পিতাকে স্মরণ করেছে শিল্পকলা একাডেমি। সন্ধ্যায় একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে জাতীয় জাদুঘরে ছিল কবিতা পাঠ ও আবৃত্তির আসর। দেশবরেণ্য কবি ও বাচিকশিল্পীরা কবিতার শব্দমালায় স্মরণ করেন বঙ্গবন্ধুকে। জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে এ আয়োজনে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

**৯। জাতির পিতার স্বপ্ন পূরণ করা আমাদের দায়িত্ব : প্রধান বিচারপতি**

প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধুর নির্মম হত্যাকাণ্ডের রাত স্বাধীন বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে অশ্রুভেজা ও কলঙ্কময় রাত ছিল। তিনি বলেন, জাতির পিতা যে সোনার বাংলার স্বপ্ন দেখেছিলেন, আমাদের দায়িত্ব হবে সে লক্ষ্যে কাজ করে জাতির পিতার স্বপ্ন পূরণ করা। তাহলেই তাঁর বিদেহী আত্মা শান্তি পাবে। গতকাল (১৫ আগস্ট বুধবার) সুপ্রিমকোর্টের বর্ধিত ভবন মিলনায়তনে জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল (**পৃ.২,ক.**১), জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

১০। **কোরবানির পশুর হাটে জালনোট ধরতে ব্যাংকগুলোকে কেন্দ্রীয় ব্যাংকের ১১ নির্দেশনা**

কোরবানির ঈদ উপলক্ষে রাজধানীসহ সারাদেশের উপজেলা সদরের সব পশুর হাটে জালনোট প্রতিরোধে ব্যাংকগুলোকে ১১টি নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এর ফলে প্রত্যেক পশুর হাটে (উপজেলা পর্যন্ত) জালনোট ধরতে বাণিজ্যিক ব্যাংকের কর্মকর্তারা উপস্থিত থাকবেন। ব্যাংক কর্মকর্তারা পশু ব্যবসায়ীদের নোট যাচাইসংক্রান্ত সেবা দেবেন। গত ১৪ আগস্ট মঙ্গলবার বাংলাদেশ ব্যাংক এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক. ৬), **সমকাল** (পৃ.১২,ক.২)।

১১। **শিল্প এলাকায় শনিবার ব্যাংক খোলা : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

কোরবানির ঈদের আগে বাংলাদেশের রপ্তানি আয়ের প্রধানখাত তৈরিপোশাক শিল্পএলাকায় সাপ্তাহিক ছুটির দিন আগামী ১৮ আগস্ট শনিবার ব্যাংক খোলা থাকবে। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে। সব ব্যাংকের প্রধান নির্বাহীদের কাছে পাঠানো প্রজ্ঞাপনে বলা হয়েছে, পোশাকশ্রমিক এবং কর্মচারিদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতা পরিশোধের সুবিধার্থে আগামী শনিবার তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাগুলো খোলা রাখতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের এক প্রতিবেদনে গত আট বছরে আমাদের ইলিশ উৎপাদন দ্বিগুণ হওয়ার তথ্যে সন্তোষ প্রকাশ করে এ অর্জন ধরে রাখতে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল :** শিমুলিয়া-কাঁঠালবাড়ী নৌরুটে নাব্য সংকট নিরসনে ড্রেজিংয়ের মাধ্যমে নদী হতে মাটি উত্তোলন করে তা নদীর পাড়েই ফেলায় এর কোনো সুফল মিলছে না উল্লেখ করে মাটিগুলো অন্যত্র ফেলতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **প্রথম আলো :** মাত্র তিন বছরে দেশ গরু-ছাগলে স্বয়ংসম্পূর্ণ হওয়ার পথে এগিয়ে যাওয়ায় স্বস্তি প্রকাশ করে সংখ্যা বাড়ানোর সাথে গবাদিপশু যাতে পুষ্ট ও সুস্থ-সবল হিসেবে বেড়ে ওঠে সেদিকে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ ।

ঘ. **ভোরের কাগজ :** ঈদে ঘরে ফেরা মানুষের যাতায়াত নির্বিঘ্ন করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হওয়ায় সবাইকে ধূমপান থেকে দূরে থাকার আহ্বান।

চ. **নিউজটুডে :** ঢাকা-সিলেট মহাসড়কে নরসিংদীর শিবপুরে এক সড়ক দুর্ঘটনায় মাইক্রোবাসে থাকা বরযাত্রীর ৭জন সদস্য নিহত ও ১৫ জন আহত হওয়ার ঘটনায় শোক প্রকাশ করে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর মিছিল কমাতে কঠোর পদক্ষেপ কামনা।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ক্ষুদ্র সঞ্চয়কে বিনিয়োগে আনতে কমিউনিটি ব্যাংকিং তৃণমূল পর্যায়ে স্থাপন করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নারীর ক্ষমতায়ন বনাম নারী ও শিশু নির্যাতন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সার্বিক অর্থনৈতিক উন্নয়নের জন্য নারী-পুরুষ উভয়ের অংশগ্রহণ অত্যন্ত জরুরি।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা